

**পাসের হার ২৪%**  
**অবশেষে ডিগ্রী পরীক্ষায়**  
**ইংরেজীতে ৬ নম্বর থ্রেস**

স্টাফ রিপোর্টার : গতবারের মতো এবারো ইংরেজী বিষয়ে ৬ নম্বর থ্রেস দিয়ে আগামীকাল বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০২-০৩ সালের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারি) পরীক্ষার ফলাফল প্রকাশ হচ্ছে। ইংরেজীতে ৬ নম্বর থ্রেস দেয়ার পর এবার পাসের হার বাড়িয়েছে ২-এর পূঃ ১-এর কঃ দেয়।

**ডিগ্রী পরীক্ষা** প্রথম পৃষ্ঠার পর

২৪%। এই থ্রেস দেয়া না হলে পাসের হার ২০%-এর কাছাকাছি হতো বলে জানা গেছে। উল্লেখ্য, এবারের ডিগ্রী পরীক্ষার সারসংক্ষেপে প্রায় ৩ লাখ ছাত্রছাত্রী অংশ নেয়। আগামীকাল বুধবার দুপুরের মধ্যে সকল জেলা প্রশাসকের কার্যালয়ে ডিগ্রী পরীক্ষার ফলাফলের কপি জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পৌঁছে দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজের প্রিন্সিপালদের নিজ নিজ প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফলাফল জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করতে বলা হয়েছে। কোন ক্ষেত্রে এবার সরাসরি ফলাফল পাঠানো হচ্ছে না বলে জাতীয় বিশ্ববিদ্যালয় জানিয়েছে। এদিকে, গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় ২০০১ সালের অনার্স পরীক্ষার্থীদের কন্সিডারেশন বিষয়ে ১ নম্বর থ্রেস দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই পরীক্ষায় মাত্র ১ নম্বরের অভাবে ২ হাজার পরীক্ষার্থী ফেল করেছে। এছাড়া অনার্সের এক বিষয়ে আরো যে ১৭ হাজার পরীক্ষার্থী ফেল করেছে তারাও পরবর্তীতে ঐ এক বিষয়ে পরীক্ষা দিয়ে পাস করার সুযোগ পাবে। ইতিপূর্বে মাস্টার্স ছাড়া অনার্সে কোন থ্রেস দেয়া হতো না এবং এক বিষয়ে ফেল করা পরীক্ষার্থীদের আবার সব বিষয়ে পরীক্ষা দিতে হতো।